এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্টস অব বাংলাদেশ
ATAB
ASSOCIATION OF TRAVEL AGENTS OF BANGLADESH
Sattara Centre (15th Floor), 30/A,Nayapaltan, VIP Road, Dhaka-1000, Bangladesh.
Phone : 9332728, 8332712, Fax : 88-02-58315595, E-mail : atab@citech.net, Website : www.atab.org.bd

আটাব/সার্কুলার/২০২৫/৫২১ ৩ নভেম্বর, ২০২৫ খ্রিঃ

## সকল সম্মানিত সদস্য, আটাব

**বিষয়: অনলাইন ট্রাভেল এজেন্সি (ওটিএ)-এর মাধ্যমে টিকিট ইস্যুর বিষয়ে সতর্কীকরণ।**

সম্মানিত সদস্যবৃন্দ,

সাম্প্রতিক ফ্লাইট এক্সপার্টের আর্থিক প্রতারণা ও পলায়নের পর ফ্লাই ফার ইন্টারন্যাশনাল ও ট্রাভেল বিজনেস পোর্টালের ঘটনা থেকে প্রতীয়মান হয় যে, এই এজেন্সিসমূহ নিজস্ব IATA থেকে সীমিত সংখ্যক টিকিট ইস্যু করত এবং অধিকাংশ টিকিট তৃতীয় পক্ষের অন্যান্য এজেন্সির মাধ্যমে ইস্যু করে সাব-এজেন্টদের নিকট বিক্রয় করত।

এই প্রক্রিয়ায় যখন এই এজেন্সিগুলো গ্রাহক ও সাব-এজেন্টদের অর্থ আত্মসাৎ করে কার্যক্রম বন্ধ করে দেয় বা পালিয়ে যায়, তখন তৃতীয় পক্ষের মাধ্যমে ইস্যুকৃত টিকিটসমূহ এজেন্সি কর্তৃক বাতিল বা রিফান্ড করা হয়। ফলে যাত্রীসাধারণ এবং টিকিট বিক্রেতা এজেন্সিগণ মারাত্মক আর্থিক ক্ষতির সম্মুখীন হন।

এ ধরনের প্রতারণামূলক কার্যক্রম দীর্ঘদিন ধরে কিছু ওটিএ (Online Travel Agency)-এর মাধ্যমে পরিচালিত হয়ে আসছে। এছাড়াও, অনেক আয়াটাবিহীন (Non-IATA) ট্রাভেল এজেন্সি অন্য এজেন্সির API সংযোগ ব্যবহার করে অথবা বিদেশি IATA-এর মাধ্যমে অনলাইন পোর্টাল খুলে টিকিট বিক্রয় করে থাকে, যার থেকেও একই ঘটনার পুনরাবৃত্তি হওয়ার আশংকা রয়েছে।

উল্লেখ্য, ফ্লাইট এক্সপার্ট, ফ্লাই ফার ইন্টারন্যাশনাল ও ট্রাভেল বিজনেস পোর্টালের প্রতারণার শিকার একাধিক এজেন্সি মালিকগণ আটাবের নিকট লিখিত অভিযোগ দাখিল করেছেন যা বিষয়টির গুরুত্বকে আরও স্পষ্ট করে। এ বিষয়ে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় হতে অনলাইন ট্রাভেল এজেন্সির অর্থ আত্মসাৎ, দূর্নীতি ও প্রতারণাসহ দেশ হতে পলায়নের ক্ষেত্রে সতর্কতামূলক পত্র প্রেরণ করা হয়েছে।

এমতাবস্থায়, আটাব-এর পক্ষ থেকে অনলাইন ট্রাভেল এজেন্সিকে অগ্রিম অর্থ প্রদান বা ডিপোজিট করে টিকিট ক্রয় না করার জন্য অনুরোধ করা হলো। অন্যথায় যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৩/১১/২০২৫

ড. সাইফ উদ্দিন আহম্মদ (যুগ্মসচিব)
প্রশাসক, আটাব